


উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর



সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৫

তারিখঃ ০৭ ফেব্রুয়ারী '২০২২খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারী'-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাহী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১৭ ফেব্রুয়ারী'২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে unobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প গ্রহন সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর

ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২

ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ৫। উপজেলা -----কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৬। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৭। লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। জেলা প্রশাসক, যশোর।

উপজেলা পরিষদের ডেপুটি/২০২২ সালের সামগ্রিক কার্যসূচী সচিব উপস্থিতি

অধ্যক্ষ: জেলা বিজ্ঞান পরিদপ্তার সচিব
ডেপুটি, উপজেলা পরিষদ, বাগমপাড়া

স্থান:- উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ:- ২৭/০২/২০২২ খ্রিস্টাব্দ - ১০ চৈত্রাব্দ

অধ্যক্ষ উপস্থিত জনসংখ্যার সচিবের স্বাক্ষর:-

১। জেলা জাঃ রূপকোষ, লেখক ডেপুটি, উপাঃপরিষদ → ২৭/২/২২

২। জেলা বিজ্ঞান পরিদপ্তার, মহিলা " " " → ২৭/২/২২

৩। জেলা, পৌরসভা, বাগমপাড়া → ২৭/২/২২

৪। ডেপুটি, জেলা, পৌরসভা, বাগমপাড়া → ২৭/২/২২

৫। " " " " " → ২৭/২/২০২২

৬। " " " " " → ২৭/২/২২

৭। " " " " " → ২৭/২/২২

৮। " " " " " → ২৭/২/২০২২

৯। " " " " " → ২৭/২/২২

১০। " " " " " → ২৭/২/২২

১১। " " " " " → ২৭/২/২২

১/ মোঃ মাহমুদ হক/০.০০০০০০০০

১৭/১/২২

২/ মোঃ মোঃ মাহমুদ হক/০.০০০০০০০০০০

১৭/১/২২

৩/ মোঃ মোঃ মাহমুদ হক, SAE, DPHE

১৭/১/২২

৪/ মোঃ মোঃ মাহমুদ হক RDO

১৭/১/২২

৫/ মোঃ মোঃ মাহমুদ হক USSO

১৭/১/২২

৬/ মোঃ মোঃ মাহমুদ হক UCO

১৭/১/২২

৭/ মোঃ মোঃ মাহমুদ হক AUEDO -

১৭/১/২০২২

৮/ মোঃ মোঃ মাহমুদ হক AUED

১৭/১/২০২২

৯/ মোঃ মোঃ মাহমুদ হক U.A.S for USEO -

১৭/১/২২

১০/ মোঃ মোঃ মাহমুদ হক UDF, UGAP

১৭/১/২২

১১/ মোঃ মোঃ মাহমুদ হক, UGAP

১৭/১/২২

১২/ মোঃ মোঃ মাহমুদ হক, UWA O

১৭/১/২০২২

১৩/ মোঃ মোঃ মাহমুদ হক, PIO

১৭/১/২২

১৪/ মোঃ মোঃ মাহমুদ হক, UFO

১৭/১/২২

১৫/ মোঃ মোঃ মাহমুদ হক UAO

১৭/১/২২

১৬/ মোঃ মোঃ মাহমুদ হক UAG & PPO

১৭/১/২২

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: জনাব মোঃ আব্দুর রউফ
ভাইস চেয়ারম্যান(প্যানেল চেয়ারম্যান-২)
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ১৭ ফেব্রুয়ারী/২০২২ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

নাই

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ শাহীন কবীর, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ০২) ডাঃ মোঃ ফজলে রাব্বী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ ফেরদৌস রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব এ. এস এম খালেদুজ্জামান, এসএই, উপজেলা প্রকৌশলীর পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব জামাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব এস.এম.জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাব সমূহ অনুমোদনঃ গত ০৬/০২/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবসমূহ পরিশিষ্ট-ক আকারে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে প্রকল্প প্রস্তাবসমূহ যেহেতু সময় উপযোগী এবং উপজেলার জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে ব্যাপক ভূমিকা রাখবে সুতরাং বর্ণিত প্রকল্প প্রস্তাবনা পরিশিষ্ট-ক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। তৎপ্রেক্ষিতে উপপ্রকল্পসমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ের অনুমোদন প্রাপ্তির উদ্দেশ্যে প্রেরণ করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। (খ) উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনের ইনটেরিয়র ও অন্যান্য কাজের টেন্ডার পুনরায় আহবান সংক্রান্ত:- বাঘারপাড়া উপজেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের নবনির্মিত ভবনের সিকিউরিটি ওয়াল ও তৎসংক্রান্ত অন্যান্য কার্যাদি এবং ইনটেরিয়র ডিজাইন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ ২৩/০২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৪৮.২০১৭-১৬৬ এবং ০৩/০৩/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৪৮.২০১৭-১৮৮ নং স্মারকপত্রে প্রকল্প এবং প্রাক্কলিত মূল্য অনুমোদন প্রদান করে। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডার আহবান করা হলে কিছু সমস্যা দেখা দেওয়ায় গত জুন-২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত টেন্ডারটি বাতিল করা হয়। উপজেলা পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবনে চেয়ারম্যান, উপজেলা পরিষদের দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর স্থানান্তর না করিলে উপজেলা বিভিন্ন কর্মকান্ড ব্যাহত হচ্ছে, বিধায় উক্ত ইনটেরিয়র ও সিকিউরিটি সংক্রান্ত কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার বিষয়ে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে বর্ণিত প্রকল্প দ্রুততার সহিত বাস্তবায়ন করার লক্ষ্যে পুনরায় দরপত্র আহবান পর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে	(ক) প্রকল্প প্রস্তাবনা পরিশিষ্ট-ক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। (খ) নবনির্মিত ভবনের সিকিউরিটি ওয়াল ও তৎসংক্রান্ত অন্যান্য কার্যাদি এবং ইনটেরিয়র ডিজাইন করার লক্ষ্যে পুনরায় দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী ৪। ইউডিএফ, বাঘারপাড়া, যশোর (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী

	(গ) উপজেলা পরিষদের হাট-বাজার ইজারা প্রদান সংক্রান্তঃ- বাঘারপাড়া উপজেলার বাংলা-১৪২৯ সনের হাট বাজার ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটির ০৯-০২-২০২২খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” আকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে দেখা যায়, উপজেলার ১৮টি হাটের মধ্যে ভাঙ্গুড়া হাট মামলা জনিত কারণে ইজারা প্রদান করা সম্ভব হয়নি বাকি ১৭টি হাটের মধ্যে ১৩টি হাটের জন্য প্রাপ্ত দর সরকারি মূল্যে অপেক্ষা বেশি হওয়ায় সর্বোচ্চ দরাদাতাদের দর গ্রহণের সুপারিশ করা হয়েছে। অন্যদিকে বাকি ০৪ হাটের দরপত্র দাখিল না হওয়ায় পুনঃদরপত্র আহবানের জন্য সুপারিশ করা হয়েছে। হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থাপিত কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” এ সুপারিশকৃত ১৩টি হাটের দরা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশি হওয়ায় তা ইজারার প্রদানের লক্ষ্যে অনুমোদন প্রদান করা হয় এবং বিধি মোতাবেক অনুমোদিত হাট-বাজার ইজারা প্রদান এবং দরপত্র না পড়া হাটের জন্য পুনরায় দরপত্র আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	(গ) হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটির উপস্থাপিত কার্যবিবরণী “পরিশিষ্ট-খ” এ সুপারিশকৃত ১৩টি হাটের দরা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশি হওয়ায় তা ইজারার প্রদানের লক্ষ্যে অনুমোদন প্রদান করা হয়।	(গ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের ভ্রমন ব্যয় বিলঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর জুলাই/২১ হতে জানুয়ারী/২২ মাসের ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর আগস্ট/২১ হতে জানুয়ারী/২২ মাসের এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর আগস্ট/২১ হতে জানুয়ারী/২২ মাসের ভ্রমন ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ভ্রমন ব্যয় বিবরণীগুলি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক বর্ণিত ভ্রমন ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমন বিল প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(খ) ভ্রমন ব্যয় বিবরণীগুলি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক বর্ণিত ভ্রমন ব্যয় বিবরণী অনুযায়ী ভ্রমন বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায়কৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন সুপারিশ নাই	---	----
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে। ২০২১-২২ইং অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম, ২য় ও ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এডিপিতে ১ম, ২য় ও ৩য় কিস্তির বরাদ্দের পরিমাণ ৬৫.২২ লক্ষ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা প্রস্তুতপূর্বক ডিডিএলজি মহোদয় বরাবর প্রেরণ করার জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে নির্দেশনা প্রদানের নিমিত্তে ১। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-৪৬.০০.৪১০৯.০০০.২৪.০০৫.২১-৩১ তারিখঃ ২৫-১০-২০২১ইং, ২। উপজেলা প্রকৌশলীর স্মারক নং-৪৬.০২.৪১০৯.০০০.১৪.০৪১.২১.৬২৬ তারিখঃ ০১-১১-২০২১ইং এর মাধ্যমে প্রকল্প প্রেরণের জন্য চেয়ারম্যানবৃন্দের পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি পর্যন্ত অত্র কার্যালয়ে প্রকল্প দাখিল করা হয় নাই। এমতাবস্থায়, উক্ত প্রকল্প তালিকা দ্রুত সময়ের মধ্যে উন্নয়ন তহবিল নির্দেশিকা মেনে খাতওয়ারী প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানবৃন্দের অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। (খ) সংশ্লিষ্টদের দ্রুততার সহিত প্রকল্প দাখিলের জন্য বলা হয়।	উপজেলা প্রকৌশলী (খ) সংশ্লিষ্ট সকল


খ. স্বাস্থ্য বিভাগ:	মোট করোনা রোগী ২০২০ সালে ১১৭,২০২১ সালে ৪১১,২০২২ সাল অদ্যাবধি ৩৭ জন। বর্তমান চিকিৎসাস্থান ০২, মৃত্যু মোট ১৫ জন (২০২১)। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৬০২১২, ১ম ডোজ পেয়েছে ১৭১০৪৭ জন(৬৬%) এবং ২য় ডোজ ১৩৭৯৭৬জন (৫৩%) সম্পন্ন হয়েছে। ১২-১৭ বছর বয়সী ছাত্রদের ১ম ডোজ (ফাইজার) ২৩২০৭ দেওয়া হয়েছে। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২৪৯৭৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭৫৬ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৭৬৯জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬২৫৫ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ৮৩৮জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৩৪৭জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৪৪ জন, ১১ (এগার) জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৪০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি মৌসুমে ১৫৯০০ হে: জমিতে বোরো ধান আবাদে লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫১০০হে: জমিতে বোরো আবাদ হয়েছে। বাকী বোরো ধানের জমিতে আবাদ কার্যক্রম চলমান। রবি মৌসুমে ৯৫০ হে: জমিতে সবজি, মরিচ-৩৫ হে:, সরিষা-২৪৭০হে:, মসুর-৯৪৫হে:, ভুট্টা-৩৫হে:, পেয়াজ-৩০ হে:, রসুন-৩০হে:, মটর-৩৫হে: খেসারি-১৫০ হে:, ছোলা- ৫হে:, আলু-৫০ হে:, গম-২১হে:, সূর্যমুখী-১হে: মিষ্টি আলু-১হে:, আখ-৯০হে: আবাদ হয়েছে। পেয়াজ, মটর, আলু, সরিষা ফসলের কর্তন শুরু হয়েছে এবং ফলন সন্তোষজনক। মাঠ পর্যায়ে বিভিন্ন ধরনের বিশেষ কর্মসূচীর আওতায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন, ভার্মিকম্পোষ্ট/কম্পোষ্ট তৈরি, বোরো ধানের জমিতে পার্চিং কার্যক্রম, ফল গাছের পরিচর্যা সহ অন্যান্য কার্যক্রম করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। ফসলের রোগ পোকা দমনসহ কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। রবি মৌসুমে/২০২১-২২ অর্থ বছরে প্রগোদনা কর্মসূচীর আওতায় সকল ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান। এছাড়া সকল প্রকল্পের রুটিন কার্যক্রম (প্রদর্শনী প্লট স্থাপন, প্রশিক্ষণ, মাঠ দিবস ও অন্যান্য কার্যক্রম) প্রকল্পের গাইড লাইন অনুসরণ করে বাস্তবায়ন হচ্ছে। গত অর্থবছরে এলএএসপি র অর্থায়নে ০৬টি ইউনিয়নে যে ভুট্টা মাড়াই যন্ত্র প্রদান করা হয়েছিল সে গুলো এ বছর কৃষকগণ ব্যবহার করবেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ যন্ত্রগুলো প্রদানের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এবছর এডিপির অর্থায়নে প্রত্যেকটি ইউনিয়নে ধান, গম, মসুর সহ বিভিন্ন ফসল মাড়াইয়ের জন্য পাওয়ার স্প্রেয়ার যন্ত্র প্রদান করার প্রস্তাব করেন তিনি। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ. মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতির মধ্যে ও উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া যশোরের জনবল নিয়ে দাপ্তরিক কাজ সম্পন্ন করে যাচ্ছে। চলতি ফেব্রুয়ারী/২২ মাসে উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রমসমূহ মধ্যে উল্লেখযোগ্য হল, মৎস্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জাটকা সংরক্ষনের লক্ষ্যে বাঘারপাড়া উপজেলার চাড়াভিটা মাছ বাজারে অভিযান পরিচালনা করে ৫ (পাঁচ) কেজি জাটকা জব্দ করা হয়। উপজেলা মৎস্য দপ্তরের পক্ষ হতে ৬০ (ষাট) জন মৎস্য চাষিকে মাংস্য চাষ বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপজেলা মৎস্য দপ্তরের পক্ষ হতে বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বাজার পরিদর্শন করা হয় এবং মৎস্য খাদ্য বিক্রেতাদের “মৎস্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স” নবায়ন/নতুন লাইসেন্স গ্রহণের তাগিদ প্রদান করা হয়। উল্লেখ্য যে, অত্র উপজেলায় খুচরা ও পাইকারী মৎস্য খাদ্য বিক্রেতার লাইসেন্স আছে ১৩ টি। গ্রাইনী ব্যবস্থা	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।

৬.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, প্রাণিসম্পদ সেবা সপ্তাহ সুন্দরভাবে পালন করা হয়েছে এবং যারা উক্ত কাজে সার্বিক সহযোগীতা করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৮.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার চলতি ২০২১-২২ অর্থবছরের ২য় কিস্তির টাকা ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ শুরু হয়েছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা শতভাগের আওতাভুক্ত ভাতাপ্রত্যাশীদের ২য় কিস্তিসহ পেরোল প্রেরণ করা হয়েছে। ভাতা পরিশোধ বহি বিতরণ সম্পন্ন হয়েছে। অবিলম্বে ব্যাংক এশিয়ার মাধ্যমে ভাতা বিতরণ শুরু হবে। ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধী ভাতাভোগীদের ২য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ভাতা পরিশোধ বহি বিতরণ সম্পন্ন হয়েছে। অবিলম্বে ব্যাংক এশিয়ার মাধ্যমে ভাতা বিতরণ শুরু হবে।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
৬.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৭৩৯ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৭৪৭(চক্র) কনডম ১১৫১৩(পিস) ইনজেকটেবল ১০৪৯জন আইইউডি ০৮জন, ইমপ্লান্ট ৪৮জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০১জন, মহিলা ০১ মোট ০২ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব এর কারনে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। আগামী ২২ ফেব্রুয়ারী ২০২২তারিখে বিদ্যালয় খোলার সম্ভাবনা রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হওয়ার পূর্ব দিন পর্যন্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে শ্রেণী পাঠদান চালু ছিল। শিক্ষার্থীরা দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে শ্রেণিতে পাঠদান করেছে। ২০২২ শিক্ষা বর্ষে বিনামূল্যে পাঠ্যবই উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় তাদের ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের মাঝে ২০২২ শিক্ষা বর্ষে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করেছে। চলতি ২০২১ - ২২ অর্থ বছরে পি.ই.ডি.পি-৪ প্রকল্পের আওতায় পেন্সিয়িং একসেসোরিজ খাতে ৮টি বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রাপ্ত হয়েছে। উদ্ভূত অফিস কর্তৃক প্রাপ্ত সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় অবহিত করা হয়েছে। অত্র উপজেলায় শিক্ষক-শিক্ষকগণের কোভিড-১৯ এর ৩য় ডোজ (বুস্টার) টিকা গ্রহন প্রায় শেষ পর্যায়ে। চলতি ২০২১ - ২২ অর্থ বছরে পি.ই.ডি.পি-৪ প্রকল্পের আওতায় বিদ্যালয় ক্ষুদ্র মেরামত, রুটিন মেইনটেন্যান্স, ওয়াশ ব্লক মেরামত, সিল্প কার্যক্রম খাতে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজের জন্য প্রক্রিয়া গ্রহন করা হয়েছে এবং কার্যক্রম চলমান। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। অনলাইনে ও টেলিভিশনের মাধ্যমে পাঠদান চলমান আছে। গত ১৩-০২-২০২২ খ্রিঃ তারিখ থেকে ১২-১৮ বছর বয়সের শিক্ষার্থীকে ২য় ডোজ টিকা প্রদানের কার্যক্রম চলমান আছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নান্সবডি নির্বাচন স্থগিত আছে। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানকে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ যথাযথভাবে পালনের নিমিত্তে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

এ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৬৩৮ জন সদস্যের মধ্যে ২০৬.২৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিআরডিবি ভুক্ত কৃষক সমবায় সমিতির সদস্য, বিত্তহীন পুরুষ ও মহিলা সমিতির সদস্যদের প্রশিক্ষণের অর্ন্তভুক্ত করার জন্য তিনি অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের অনুরোধ জানান। উক্ত টাকা আদায়ে তিনি সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। ২০২১-২০২২ অর্থ বছরে সাধারণ কর্মসূচীর দুইটি প্রতিটি ৬০ জন সদস্য এবং অপ্রধান শস্য দুইটি ৮০ জন সদস্য প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। ইতিমধ্যে সাধারণ কর্মসূচীর ১টি ৩০জন ও অপ্রধান শস্য কর্মসূচীর দুই (০২) প্রশিক্ষণে ৮০জন সদস্যর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০২০১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে থেকে ৩০৭৩ জন যুব ও ২০৪০ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্যে হতে ৯৯৯ জন যুব ও ৬১৬ জন যুব মহিলা সহ মোট ১৬১৫ জনকে যুব ঋণ হিসাবে ৪.৫০.৪১.৩০০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ একচল্লিশ হাজার তিন শত) টাকা প্রদান করা হয়েছে; যার আদায় হার ৯৬%। তিনি সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। গত মাস পর্যন্ত নিবন্ধন ৪৭৪টি, আদায়যোগ্য অডিট ফি সাধারণ-৮২৭১০/-, পউবো- ২৪৮০০/-, আদায়কৃত অডিট ফি সাধারণ-৮২৭১০/-, পউবো-২৪৮০০/- আদায়ের হার- ১০০%, সিডিএফ ধার্য ও আদায় সাধারণ-৫৭১৫২/-, পউবো- ৭৪৩৮/-, আদায়কৃত অডিট ফি সাধারণ-৫৭১৫২/-, পউবো-৭৪৩৮/- আদায়ের হার- ১০০%। প্রাথমিক সাধারণ সমবায় সমিতি-৬০টি, অডিট সম্পাদন-০২টি, অডিট নোট দাখিল-০১টি, অডিট নোট বাকি-০১টি। পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ৩০টি বর্তমান মাসে সম্পাদন-৬ মোট সম্পাদন-৩৬টি। অবসায়নে ন্যস্ত সমিতির সংখ্যা ০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন সমিতির সংখ্যা-০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন বাকী সমিতির সংখ্যা- ০০টি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিজিডি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। ফেব্রুয়ারি/২০২২ মাসের ডিও প্রদান করা হয়েছে। খাদ্য বিতরণ চলমান রয়েছে। আয়বর্ধক আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেন্ডের ১৩ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাবের বাঘারপাড়া উপজেলার ১০টি ক্লাবের ক্যারাটে প্রশিক্ষণের জন্য ০১(এক) জন ক্যারাটে প্রশিক্ষক ০৭/০২/২০২২ খ্রি. তারিখে যোগদান করে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে সাধারণ উন্নয়ন খাতে ২য় পর্যায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি,আর) কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প অনুমোদনের জন্য জেলা কর্তৃক কমিটি বরাবরা প্রেরণ করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের নলকূপের সহায়ক চাঁদা বাবদ বিডিটি / ব্যাংক ড্রাস্ট / পে-অর্ডার জমা নেওয়ার কার্যক্রম চলমান রয়েছে পাশাপাশি নলকূপ বোরিং এর কার্যক্রম চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের গ্রাম পর্যায়ে বিভিন্ন নলকূপের আর্সেনিক স্ক্রিনিং এর কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৮.বিবিধ:	(১) চেয়ারম্যান, জহরপুর ইউপি জানান যে, হলদা বিলের মাছ চাষ কিভাবে হচ্ছে সেটার বিষয়ে ধারণা থাকা দরকার। (২) চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউপি ১০ টাকার চালের কার্ডের নাম পরিবর্তন করার জন্য অনুরোধ করেন। (৩) চেয়ারম্যান, দোহাকুলা ইউপি দ্রুততার সহিত এডিপির কার্যক্রম গ্রহণের জন্য আহবান জানান।		
	(৪) চেয়ারম্যান, জামদিয়া ইউপি জানান যে, জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের অবস্থা খুবই নাজুক। (৫) উপজেলা ভাইস চেয়ারম্যান বৈষম্য না করে সমতার ভিত্তিতে সকল বন্টন করার জন্য আহবান জানান। (৬) উপজেলা নির্বাহী অফিসার বলেন খাদ্যবন্ধন কর্মসূচিতে যদি কোন অভিযোগ থাকে তবে তা নির্দিষ্ট করে আবেদন করার জন্য অনুরোধ জানান।	নীতিমালা ও বিধিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আব্দুর রুফ
সভাপতি
ও

ভাইস চেয়ারম্যান(প্যানেল চেঃ-২)
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২২-০৭

তারিখঃ ২২/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
- সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- জেলা প্রশাসক, যশোর।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
- উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

আ.ন.ম আব্দুর গিফারী

বাঘারপাড়া উপজেলার বাংলা ১৪২৯ সনের হাট-বাজার ইজারার দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ আ.ন.ম.আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখঃ ০৯-০২-২০২২ খ্রিঃ, সময়ঃ বিকাল ৩-০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর সম্বলিত তালিকা পরিশিষ্ট “ক” তে লিপিবদ্ধ।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর অদ্য বাঘারপাড়া উপজেলার বাংলা ১৪২৯ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত প্রাপ্ত দরপত্র সমূহ সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। আলোচনাঃ

১) তৈলকুপ হাটঃ তৈলকুপ হাটের সরকারি ধার্যমূল্য ৯,৪৬৬/- টাকা। এই হাটের জন্য মোট ০৩ (তিন)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ মিলন হোসেন, পিতা-মোঃ লিয়াকত আলী, সাং-জহরপুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৯,৫৭০/-টাকা, ২) কাজী সোহেল রানা, পিতা-কাজী মহিউদ্দীন, সাং-বালিয়াগড়, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ১৩,৫৯৩/-টাকা, ৩) মোঃ সাহেব আলী, পিং-মৃত ফুলমিয়া সাং- তেলিধান্যপুড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ১১,৫০০/- দরপত্র দাখিল করেছেন। দরপত্র গুলোর মধ্যে ২নং ক্রমিকে উল্লেখিত জনাব কাজী সোহেল রানা, পিতা-কাজী মহিউদ্দীন, সাং-বালিয়াগড় ১৩,৫৯৩/- টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

২) বেতালপাড়া হাটঃ বেতালপাড়া হাটের সরকারি ধার্যমূল্য ১৯,৪২০/- টাকা। এই হাটের জন্য মোট ০২ (দুই)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ দুলাল বিশ্বাস, পিতা-মৃত জমির বিশ্বাস, সাং- বেতালপাড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ২৬,০০০/-টাকা, ২) মোঃ গোলাম হরোয়ার, পিতা-মৃত মকছেদ আলী মোল্যা, সাং-বেতালপাড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৩০,১০০/-টাকা দরপত্র দাখিল করেছেন। দরপত্র গুলোর মধ্যে ২নং ক্রমিকে উল্লেখিত জনাব মোঃ গোলাম হরোয়ার, পিং-মৃত মকছেদ আলী মোল্যা, সাং-বেতালপাড়া, উপজেলা-বাঘারপাড়া, যশোর সর্বোচ্চ দর ৩০,১০০/- (ত্রিশ হাজার একশত) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৩) খাজুরা হাটঃ খাজুরা হাটের সরকারি ধার্যমূল্য ৬৫,৫৮,১১৪/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ আমিরুল ইসলাম, পিতা-মৃত জয়নাল মোল্যা, সাং-তেলিধান্যপুড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৬৬,৬০,০০৫/-টাকার দরপত্র দাখিল করেছেন। দরপত্র দাখিলকৃত ইজারা গ্রহীতা জনাব মোঃ আমিরুল ইসলাম সর্বোচ্চ দর ৬৬,৬০,০০৫/- (ষেষ্টি লক্ষ ষাট হাজার পাঁচ) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৪) বন্দবিলা হাটঃ বন্দবিলা হাটের সরকারি ধার্যমূল্য ২৯,১১২/- টাকা। এই হাটের জন্য মোট ০২ (দুই)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয় পক্ষে মোঃ হাফিজুর রহমান, উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর ৩৬,৫০০/-টাকা, ২) মোঃ ইসমাইল শেখ, পিতা- মৃত আজিবর শেখ, সাং-কটুরাকান্দি, উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর ৪০,০০০/- টাকার দরপত্র দাখিল করেছেন। দরপত্র গুলোর মধ্যে ২নং ক্রমিকে উল্লেখিত জনাব ইসমাইল শেখ সর্বোচ্চ দর ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৫) বারীনগর হাটঃ বারীনগর হাটের সরকারি ধার্যমূল্য ৩৫,০৮,০৭০/- টাকা। এই হাটের জন্য মোট ০৩ (তিন)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ মোতালেব হোসেন, পিতা-মৃত গোলাম নবী, সাং- মথুরাপুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৪৫,২০,২০০/-টাকা, ২) মোঃ সাইফুজ্জামান চৌধুরী, পিং-মৃত নুরুজ্জামান চৌধুরী সাং-তেলিধান্যপুড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৫৮,৫০,২০০/-টাকা ৩)মোঃ মোতালেব হোসেন, পিতা-মৃত গোলাম নবী, সাং- মথুরাপুর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৪৩,১১,৫৯৯/-টাকা দরপত্র দাখিল করেছেন। দরপত্র গুলোর মধ্যে ২নং ক্রমিকে উল্লেখিত জনাব মোঃ সাইফুজ্জামান চৌধুরী সর্বোচ্চ দর ৫৮,৫০,২০০/- (আটাল্ল লক্ষ পঞ্চাশ হাজার দুইশত) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৬) পুলের হাটঃ পুলের হাটের সরকারি ধার্যমূল্য ২৩,৪২,৬৩৬/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) বিপ্লব খান পিং-মোঃ আব্দুল হাকিম খান, সাং-ভদ্রভাঙ্গা, উপজেলা- বাঘারপাড়া, জেলা- যশোর ২৪,৩১,০০০/- টাকার দরপত্র দাখিল করেছেন। দরপত্র দাখিলকৃত ইজারা গ্রহীতা জনাব বিপ্লব খান সর্বোচ্চ দর ২৪,৩১,০০০/- (চব্বিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৭) রায়পুর হাটঃ রায়পুর হাটের সরকারি ধার্যমূল্য ৩,৮৫,৪৪৩/- টাকা। এই হাটের জন্য মোট ০২ (দুই) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ ওলিয়ার রহমান, পিতা- মৃত মকছেদ আলী মোল্যা, সাং-কৃষ্ণনগর, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ৫,২১,৫৫০/-টাকা, ২) মোঃ শুকুর আলী পিং- মোঃ সাত্তার শেখ সাং- কৃষ্ণনগর, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর কোন দর দাখিল করেন নাই মর্মে জনাব মোঃ ওলিয়ার রহমান কর্তৃক দাখিলকৃত দর ৫,২১,৫৫০/- (পাঁচলক্ষ একশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৮) নারিকেলবাড়ীয়া হাটঃ নারিকেলবাড়ীয়া হাটের সরকারি ধার্যমূল্য ৩৮,৭৫,৭১৬/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ কোহিনুর রহমান, পিতা- তিজারদ্দীন বিশ্বাস, সাং-নারিকেলবাড়ীয়া, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ৩৯,০০,০০৫/-টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ কোহিনুর রহমান কর্তৃক দাখিলকৃত দর ৩৯,০০,০০৫/- (উনচল্লিশ লক্ষ পাঁচ) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

৯) আগড়া হাটঃ আগড়া হাটের সরকারি ধার্যমূল্য ৪,১৪৯/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে, যথাঃ ১) মোঃ ওলিয়ার রহমান, পিতা-মৃতু আহির উদ্দীন বিশ্বাস, সাং- আগড়া, উপজেলা-বাঘারপাড়া, জেলা-যশোর ৪০,১১০/-দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ ওলিয়ার রহমান কর্তৃক দাখিলকৃত দর ৪০,১১০/-(চল্লিশ হাজার একশত দশ) টাকা দাখিল করেছেন যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১০) ধলগ্রাম হাটঃ ধলগ্রাম হাটের সরকারি ধার্যমূল্য ৪,৮৩,৯৮৩/- টাকা। এই হাটের জন্য মোট ০১(এক) টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ মনিরুজ্জামান, পিতা-মোঃ মকবুল হোসেন, সাং- আন্দুলবাড়ীয়া, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ৫,০১,০২১/- টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ মনিরুজ্জামান কর্তৃক দাখিলকৃত দর ৫,০১,০২১/- (পাঁচলক্ষ এক হাজার একশ) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১১) বহরমপুর হাটঃ বহরমপুর হাটের সরকারি ধার্যমূল্য ৯৪,৮৭৫/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ কোহিনুর রহমান, পিতা-মোঃ তিজারউদ্দীন বিশ্বাস, সাং- নারিকেলবাড়ীয়া, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ৯৫,০০৫/- টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ কোহিনুর রহমান কর্তৃক দাখিলকৃত দর ৯৫,০০৫/- (পাঁচানব্বই হাজার পাঁচ) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১২) বালিয়াডাংগা হাটঃ বালিয়াডাংগা হাটের সরকারি ধার্যমূল্য ২১,৯৫৮/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ আখের আলী, পিতা- মৃতু আইয়ুব আলী, সাং- বাউলিয়া, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ২২,০০০/- টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ আখের আলী কর্তৃক দাখিলকৃত দর ২২,০০০/- (বাইশ হাজার) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

১৩) ছাতিয়ানতলা হাটঃ ছাতিয়ানতলা হাটের সরকারি ধার্যমূল্য ১৭,০৮,১৪/- টাকা। এই হাটের জন্য মোট ০২ (এক)টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) জনাব,রাজিব কুমার রায়, পিতা-রনজিত কুমার রায়, সাং-দোহাকুলা, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ১০,০০,০০০/- টাকা ২)জনাব,তপন বিশ্বাস,পিতা- সাধন বিশ্বাস সাং-রামনগর,উপজেলা-যশোর সদর,যশোর ৩,০০,০০০/- টাকার দরপত্র দাখিল করেছেন।দরপত্র ০২(দুই)সরকারী ধার্য মূল্যের নিম্নদর হওয়ায় কমিটি কর্তৃক বাতিল বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪) আলাদীপুর হাটঃ আলাদীপুর হাটের সরকারি ধার্যমূল্য ৮৮,৮৬৪/- টাকা। এই হাটের জন্য মোট ০১ (এক)টি দরপত্র পাওয়া গেছে যথাঃ ১) মোঃ আক্তারুজ্জামান, পিতা- মৃতু মহাতাপ খান, সাং- আলাদীপুর, উপজেলা- বাঘারপাড়া, জেলা-যশোর ৯০,৩০০/- টাকার দরপত্র দাখিল করেছেন। জনাব মোঃ আক্তারুজ্জামান কর্তৃক দাখিলকৃত দর ৯০,৩০০/- (নব্বই হাজার তিনশত) টাকা যা সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী।

এছাড়া চাড়াভিটা পশু হাট, চাড়াভিটা সাধারণ হাট,খানপুর হাটের জন্য কোন দরপত্র পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ১। ১) তৈলকুপ হাট ২) বেতালপাড়া হাট ৩) খাজুরা হাট ৪) বন্দবিলা হাট ৫) বারীনগর হাট ৬) পুলের হাট ৭) রায়পুর হাট ৮) নারিকেলবাড়ীয়া হাট ৯) আগড়া হাট ১০) ধলগ্রাম হাট ১১) বহরমপুর হাট ১২) বালিয়াডাংগা হাট ১৩) আলাদীপুর হাট -এর জন্য প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি ধার্যমূল্য অপেক্ষা বেশী হওয়ায় সর্বোচ্চ দরদাতাদের দর গ্রহণের বিষয়ে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২।ছাতিয়ানতলা হাট, চাড়াভিটা সাধারণ হাট, চাড়াভিটা পশু হাট, এবং খানপুর হাটের জন্য কোন দরপত্র দাখিল না হওয়ায় পুনঃ দরপত্র আহবানের জন্য সুপারিশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আ.ন.ম.আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক
উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি
বাঘারপাড়া, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

স্মারক নংঃ-০৫.৪৪.১৮.৩১.০০০.৯৬.০০১.১৭-(২৫)

তারিখঃ ০৯-০২-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৪। উপজেলা.....অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৬। অফিস নথি।

আ.ন.ম.আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষরসম্বলিত তালিকা- পরিশিষ্ট-“ক”

ক্রঃ নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
১.	আ.ন.ম.আবুজর গিফারী	উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।	স্বাক্ষরিত
২.	জনাব, আব্দুর রউফ মোল্যা	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া।	”
৩.	জনাব, মোঃ রুহুল আমীন	উপজেলা কৃষি অফিসার, বাঘারপাড়া।	”
৪.	জনাব, মোঃ আবু সুফিয়ান	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া।	”
৫.	জনাব, মোঃ হাসান ইমাম	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া।	”
৬.	জনাব, মোঃ সবদুল হোসেন খান	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি, বাঘারপাড়া।	”
৭.	জনাব, মোঃ মনজুর রশীদ স্বপন	চেয়ারম্যান, রায়পুর ইউপি, বাঘারপাড়া।	”
৮.	জনাব, মোঃ জাকির হোসেন	চেয়ারম্যান, দরাজহাট ইউপি, বাঘারপাড়া।	”
৯.	জনাব, মোঃ রবিউল ইসলাম	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি, বাঘারপাড়া।	”
১০.	জনাব, মোঃ আবু মোতালেব	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি, বাঘারপাড়া।	”
১১.	জনাব, বাবলু কুমার সাহা	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি, বাঘারপাড়া।	”
১২.	জনাব মোঃ অলিয়ার রহমান	বীর মুক্তিযোদ্ধা, বাঘারপাড়া।	”